

2 JAN 20'3

## গ্রেডিং পদ্ধতিতে নতুন বিন্যাস : ধাপ ৭টি হল

ফয়সলাহ মাহমুদ  
এসএসসি ও এইচএসসি পরীক্ষার্থীদের  
উত্তরপত্র মূল্যায়নে বর্তমান লেটার গ্রেডিং  
পদ্ধতি সংস্কার করে নতুন বিন্যাসের  
ব্যাপারে সিদ্ধান্ত চূড়ান্ত করেছে শিক্ষা  
গ্রেডিং : পৃষ্ঠা : ১৫ কলাম : ৩

### গ্রেডিং : বিন্যাস (১ম পৃষ্ঠার পর)

মন্ত্রণালয়। প্রচলিত পদ্ধতির 'এ' গ্রেডকে  
দুটি ভাগে বিভক্ত করে বাকি সবকিছু  
অপরিবর্তিত রাখা হয়েছে। গ্রেডের ধাপ  
সংখ্যা ৭টিতে বৃদ্ধি পেয়েছে এবং নতুন  
ধাপের নামকরণ করা হয়েছে 'এ  
মাইনাস'। নববিন্যাস এ পদ্ধতি ২০০৩  
সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষায়ই  
কার্যকর হবে। এ দুটো পরীক্ষা আসন্ন  
হওয়ায় কিছুটা তড়িৎঘড়ি করে বছরের প্রথম  
দিনেই গ্রেডিং সংস্কার চূড়ান্ত করা হয়। এ  
ব্যাপারে শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম  
পিন্টুর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি  
সিদ্ধান্ত চূড়ান্ত হয়েছে বলে জানানো  
বিভিন্নরিত কিছু জানাতে পারেননি। শিক্ষা  
প্রতিমন্ত্রী আনম এছানুল হক মিলনের  
সঙ্গে যোগাযোগের চেষ্টা করেও তাকে  
পাওয়া যায়নি।

প্রায় বছরের ডিভিভিতে মেধা তালিকাভিত্তিক  
ফলাফল তৈরির পদ্ধতির পরিবর্তে ২০০১  
সাল থেকে পরপর দু'বার এসএসসি  
পরীক্ষায় লেটার গ্রেডিং পদ্ধতি প্রয়োগ করা  
হয়। এ বছর থেকে উচ্চ মাধ্যমিকে গ্রেডিং  
পদ্ধতি চালু হবে। ব্যাপক সমালোচনার  
মুখে দু'বছরের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়  
গ্রেডিং পদ্ধতি সংস্কারের সিদ্ধান্ত নেয় এবং  
সে অনুযায়ী বিশেষজ্ঞদের সঙ্গে জেলাপ-  
আলোচনার ডিভিভিতে নতুন বিন্যাস চূড়ান্ত  
করা হল। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানায়,  
গ্রেডিং পদ্ধতির 'এ' গ্রাস গ্রেডের নম্বর  
ব্যাঙি ৮০ থেকে ১০০ অপরিবর্তিত রাখা  
হয়েছে। ৬০ থেকে ৮০ নম্বরের 'এ'  
গ্রেডকে দুটি ভাগে ভাগ করা হয়েছে। নতুন  
বিন্যাসে ৭০ থেকে ৭৯ পর্যন্ত 'এ' এবং ৬০  
থেকে ৬৯ পর্যন্ত 'এ মাইনাস' নামে নতুন  
গ্রেড সৃষ্টি করা হয়েছে। এর পরে ৫১  
থেকে ৫৯ নম্বর পর্যন্ত 'বি', ৪১ থেকে ৫০  
পর্যন্ত 'সি' এবং ৩৩ থেকে ৪০ পর্যন্ত 'ডি'  
গ্রেড অপরিবর্তিত আছে। আর শূন্য থেকে  
৩২ পর্যন্ত 'এফ' বা ফেল গ্রেডেও কোন  
পরিবর্তন আনা হয়নি। নতুন বিন্যাস গ্রেডিং  
পদ্ধতি শিক্ষা বোর্ড ও শিক্ষা অধিদফতরের  
মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এবং  
শিক্ষার্থী ও অভিভাবকদের লিগলিই  
জানানোর ব্যবস্থা নেবে মন্ত্রণালয়।